

## যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩২৭

১/ বিবিধ

আরবী

من صام يوما لم يخرقه كتب له عشر حسنات  
ضعيف

رواه الطبراني في "الأوسط" (7653 - بترقيمي) عن عبد الرحمن بن عبد الوهاب الصيرفي: حدثنا إسحاق بن يوسف الأزرق عن أبي جناب الكلبي عن طلحة بن مصرف عن

عبد الرحمن بن عوسمة عن البراء بن عازب مرفوعا وقال: "لم يروه عن طلحة إلا أبو جناب، ولا عنه إلا إسحاق الأزرق، تفرد به عبد الرحمن بن عبد الوهاب قلت: ومن هذا الوجه أخرجه أبو نعيم في "الحلية" (5/28) وقال: "غريب من حديث طلحة، تفرد به إسحاق الأزرق

قلت: والراوي عنه عبد الرحمن بن عبد الوهاب الصيرفي يبدو أنه العمي وهو بصري، ترجمته ابن أبي حاتم (2/2/262) ولم يذكر فيه جرحا ولا تعديلا، ولكنه قال: "روى عنه أبو زرعة وموسى بن إسحاق الأنصاري

وأبو زرعة لا يروي إلا عن ثقة، ومن فوقه ثقات أيضا غير أبي جناب الكلبي وأسمه يحيى بن أبي حية وهو ضعيف مدلس، فهو علة الحديث والحديث عزاه في "الجامع" لـ "الحلية" وحده فقصره

১৩২৭। যে ব্যক্তি একদিন সওম পালন করে তার মধ্যে মিথ্যা কথা বলবে না তার জন্য দশটি সাওয়াব লিখা হবে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইমাম তুবারানী “আল-মুজামুল আওসাত” গ্রন্থে (৭৬৫৩) আব্দুর রহমান ইবনু আব্দিল ওয়াহাব সায়রাফী হতে, তিনি ইসহাক ইবনু ইউসুফ আয়রাক হতে, তিনি আবু জুনাব কালবী হতে, তিনি তুলহা ইবনু মুসাররিফ হতে, তিনি আব্দুর রহমান ইবনু আওসাজাহ হতে, তিনি বারা ইবনু আয়েব (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করে বলেছেনঃ তুলহাহ হতে আবু জুনাব ছাড়া অন্য কেউ হাদীসটি বর্ণনা করেননি। আর তার থেকে ইসহাক আয়রাক ছাড়া অন্য কেউ হাদীসটি বর্ণনা করেননি। আব্দুর রহমান ইবনু আব্দিল ওয়াহাব হাদীসটি এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সূত্রেই আবু নুয়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৫/২৮) বর্ণনা করে বলেছেনঃ তুলহাহ কর্তৃক বর্ণনাকৃত হাদীস হতে এটি গারীব। ইসহাক আয়রাক এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তার থেকে বর্ণনাকারী আব্দুর রহমান ইবনু আব্দিল ওয়াহাব সায়রাফী হচ্ছেন আল-আম্বী বাসরী। ইবনু আবী হাতিম (২/২/২৬২) তার জীবনী আলোচনা করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি। তবে তিনি বলেছেনঃ তার থেকে আবু যুর'য়াহ ও মুসা ইবনু ইসহাক আনসারী হাদীস বর্ণনা করেছেন।

আর আবু যুর'য়াহ নির্ভরযোগ্য ছাড়া অন্য কোন বর্ণনাকারী থেকে বর্ণনা করেন না। ইবনু আবী জুনাব কালবী ছাড়া তার উপরের বর্ণনাকারীগণও নির্ভরযোগ্য। ইবনু আবী জুনাবের নাম হচ্ছে ইয়াহইয়া ইবনু আবী হায়য়াহ, তিনি দুর্বল ও মুদাল্লিস। আর তিনিই হাদীসটির সমস্যা।

হাদিসের মান: যন্ত্রে (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72206>

১. হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন